গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
টেলিযোগাযোগ অধিদপ্তর
প্রশাসন-১ শাখা

টেলিযোগাযোগ অধিদপ্তরে অনুষ্ঠিত আগষ্ট/২০২৩ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ রফিকুল ইসলাম<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ২১ আগষ্ট ২০২৩/ ৬ ভাদ্র ১৪২০ |
| সভার সময় | সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | টেলিযোগাযোগ অধিদপ্তরের সভাকক্ষ (কক্ষ নং ৪০৩) |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক (স্বাক্ষরের ক্রমানুসারে) |

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা এবং নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়-

**১) জুলাই/২০২৩ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপন, পঠন ও দৃঢ়ীকরণ**

| ক্র. | বিষয় | আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ১ | জুলাই/২০২৩ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপন, পঠন ও দৃঢ়ীকরণ | ২৩/০৭/২০২৩ তারিখ রোজ রবিবার সকাল ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত জুলাই/২০২৩ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী ইনথিতে সংশ্লিষ্ট সকলের নিকট ইতোমধ্যে প্রেরণ করা হয়।<br>উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকলে কার্যবিবরণী দৃঢ়ীকরণ। | গত সমন্বয় সভার কার্যবিবরণীর কোন আপত্তি, সংশোধনী কিংবা সংযোজনী প্রস্তাব না থাকায় দৃঢ়ীকরণ করা যেতে পারে। | গত সমন্বয় সভার কার্যবিবরণীর উপর কোন আপত্তি, সংশোধনী কিংবা সংযোজনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হলো। |

**২) জুলাই/২০২৩ মাসের সমন্বয় সভায় গৃহিত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি**

| ক্র. | বিষয় | আলোচনা এবং গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|

| | | | | |
|---|---|---|---|---|
| ১ | কর্মসম্পাদন চুক্তি (এপিএ) | সভায় উপপরিচালক (অন্যান্য সংস্থা) জানান যে, এপিএ এর মোট মূল্যায়নযোগ্য নম্বর ৭০, যার মধ্যে সিস্টেমের মূল্যায়ন মোতাবেক টেলিযোগাযোগ অধিদপ্তর ৬৯.৬৫ নম্বর অর্জন করেছে। তবে এই মূল্যায়নের উপরে পিটিডি চুড়ান্তভাবে মূল্যায়ন করবে। পর্যালোচনায় দেখা যায় যে, সিটিডিআর সেন্টারে যেসকল অনুরোধ প্রেরণ করা হয়েছিল যার সবগুলি বাস্তবায়ন করা যায়নি। যার ফলে নির্ধারিত ১০ নম্বরের মধ্যে টেলিযোগাযোগ অধিদপ্তর ৯.৬৫ নম্বর অর্জন করেছে।<br><br>সিদ্ধান্ত: স্বাক্ষরিত এপিএ টি অধিদপ্তরের উপপরিচালক পর্যায় পর্যন্ত সকল কর্মকর্তার নিকট প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।<br><br>বাস্তবায়নে: উপপরিচালক (অন্যান্য সংস্থা) | স্বাক্ষরিত এপিএ টি অধিদপ্তরের উপপরিচালক পর্যায় পর্যন্ত সকল কর্মকর্তার নিকট প্রেরণ করা হয়েছে। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২ | পদোন্নতি সংক্রান্ত | পরিচালক (প্রশাসন) সভায় জানান যে, সম্প্রতি জনপ্রশাসন মন্ত্রণালয় হতে জারিকৃত পরিপত্রে পদোন্নতি বিষয়ে কিছু অস্পষ্টতা থাকায় বর্তমানে পদোন্নতি কমিটির সভা আহবান করা যাচ্ছে না। বিষয়টি সুরাহার জন্য ইতোমধ্যে পিটিডি'তে পত্র প্রেরণ করা হয়েছে। মহাপরিচালক মহোদয় বিষয়টি পিটিডি'র সমন্বয় সভায় উত্থাপন করবেন মর্মে সভায় অবহিত করেন। | মহাপরিচালক মহোদয় জানান যে, তিনি বিষয়টি ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সমন্বয় সভায় উপস্থাপন করেছেন। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | প্রকল্প বিষয়ক আলোচনা | ১) সিটিডিআর ফেইজ-২ প্রকল্প থেকে জানানো হয় যে, প্রকল্পের মূল যন্ত্রপাতি ক্রয় প্যাকেজের জন্য এলসি খোলা হয়েছে, এবং বীমা করার বিষয়টি প্রক্রিয়াধীন আছে। বীমা সম্পন্ন হলে যন্ত্রপাতি বিদেশ থেকে বাংলাদেশে প্রেরণের প্রক্রিয়া আরম্ভ হবে। ইতোমধ্যে ফ্যাক্টরি টেষ্ট সম্পন্ন হয়েছে। আগষ্ট ২০২৩ মাসের মধ্যে যন্ত্রপাতি স্থাপনের কাজ সম্পন্ন হবে বলে প্রকল্প পরিচালক আশাবাদ ব্যক্ত করেন।<br><br>সিদ্ধান্ত: আগষ্ট ২০২৩ মাসের মধ্যে সকল স্থাপনকাজ সমাপ্ত করতে হবে।<br><br>২) সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প থেকে প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের মেয়াদ ইতোমধ্যে ৩১ মার্চ ২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হযেছে। সমীক্ষা প্রতিবেদনের জন্য বুয়েটের সাথে চুক্তি সম্পাদন করা হয়েছে।<br><br>Inception Report আগামী এক মাসের মধ্যে বিআরটিসি, বুয়েট জমা দিবে বলে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন। | ১) স্থানীয় এলসি'র মাধ্যমে সংগৃহিত পণ্যসামগ্রী ইতোমধ্যে সরবরাহ হয়েছে। স্থাপনের কাজ চলমান। বৈদেশিক এলসি'র মাধ্যমে অবশিষ্ট পণ্যসামগ্রী অচিরেই স্পেন থেকে ঢাকায় পৌছাবে।<br><br>২) বিআরটিসি, বুয়েট Inception Report জমা দিয়েছে। | |

**৩) আগষ্ট/২০২৩ মাসের আলোচ্যসূচির উপর আলোচনা ও সিদ্ধান্ত**

| ক্র. | বিষয় | আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা এবং গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | এক ঠিকানায় সরকারি সেবা 'মাইগভ' প্ল্যাটফর্মে নাগরিক সেবা প্রদান | টেলিযোগাযোগ অধিদপ্তরে মাইগভ প্লাটফর্মে নাগরিক সেবা সংক্রান্ত আলোচনা | সভায় উপপরিচালক (প্রশিক্ষণ) জানান যে মাইগভ প্লাটফর্মে টেলিযোগাযোগ অধিদপ্তরের মোট ১৩টি সেবা সংযোজন করা হয়েছে (তালিকা সংযুক্ত)। উক্ত ১৩টি সেবার ক্রমিক ১-৬ এবং ১০-১১ উপপরিচালক (প্রশাসন), ৭-৯ উপপরিচালক (অর্থ) এবং ১২-১৩ উপপরিচালক (আইসিটি পরিকল্পনা) এর আওতাধীন।<br><br>সিদ্ধান্ত:<br>(ক) সেবাগুলি মাইগভ প্লাটফর্মের আওতায় চালুর জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন। সেবাগুলি চালুর বিষয়ে কোনোরূপ প্রতিবন্ধকতা থাকলে তা চিহ্নিত করতে হবে এবং সমাধানের জন্য আলোচনায়/প্রশিক্ষণে উপস্থাপন করতে হবে।<br><br>(খ) অধিদপ্তরের উপপরিচালক পর্যায় পর্যন্ত সকল কর্মকর্তা মুক্তপাঠ থেকে মাইগভ-এর প্রশিক্ষণ গ্রহণ করবেন, এবং প্রাপ্ত সনদ সেপ্টেম্বর/২০২৩ মাসের ১ম সপ্তাহের মধ্যে উপপরিচালক (প্রশিক্ষণ) এর নিকট প্রেরণ করবেন।<br>(গ) সেপ্টেম্বর/২০২৩ মাসের ২য় সপ্তাহের মধ্যে মাইগভের ১৩টি সেবার উপর একটি ওয়ার্কশপের আয়োজন করতে হবে। | (ক) উপপরিচালক (প্রশাসন), উপপরিচালক (অর্থ), উপপরিচালক (আইসিটি পরিকল্পনা)<br>(খ) উপপরিচালক পর্যায় পর্যন্ত সকল কর্মকর্তা<br>(গ) উপপরিচালক (প্রশিক্ষণ)<br>(ঘ) উপপরিচালক (প্রশিক্ষণ) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | (ঘ) সেপ্টেম্বর/২০২৩ মাসের ৩য় সপ্তাহে এটুআই এর প্রশিক্ষকের উপস্থিতিতে প্রশিক্ষণ কার্যক্রম আয়োজন করতে হবে। | |
| ২ | প্রতিযোগিতা মূলক বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ কর্মচারীদের জ্যেষ্ঠতার তালিকা প্রণয়ন | টেলিযোগাযোগ অধিদপ্তরের আওতায় প্রতিযোগিতা মূলক বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ কর্মচারীদের জ্যেষ্ঠতার তালিকা প্রণয়ন সংক্রান্ত আলোচনা | সভায় পরিচালক (প্রশাসন) জানান যে, পনের দিনের সময় দিয়ে সার্টিফিকেটসহ প্রয়োজনীয় কাগজপত্র জমা দেয়ার জন্য পত্র দেয়া হয়েছে। আশা করা যায় যে সেপ্টেম্বর/২০২৩ মাসের ১ম সপ্তাহের মধ্যে জ্যেষ্ঠতার তালিকা অনলাইনে প্রকাশ করা যাবে। | পরিচালক (প্রশাসন) |


| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | ইনোভেশন সংক্রান্ত আলোচনা | টেলিযোগাযোগ অধিদপ্তরের ২০২৩-২৪ অর্থবছরের ইনোভেশন সংক্রান্ত কর্মসূচি প্রণয়ন ও আলোচনা | অতিরিক্ত মহাপরিচালক (রেগুলেটরি) সভায় চলতি অর্থবছরের জন্য উদ্ভাবনী প্রস্তাব আহবান করেন। এর প্রেক্ষিতে বেশ কিছু প্রস্তাব নিয়ে সভায় আলোচনা হয়।<br><br>বিগত বছরে উদ্ভাবনী কার্যক্রমের আওতায় তিনটি ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। ওয়ার্কশপে প্রাপ্ত ধারণা এবং Rapporteur এর প্রতিবেদন অনুযায়ী উদ্ভাবনী কার্যক্রম গ্রহণের বিষয়টি সভায় আলোচিত হয়। এছাড়া, টেলিযোগাযোগ অধিদপ্তরের একটি অংশের বৈদ্যুতিক ব্যাক-আপ সোলারের মাধ্যমে করার বিষয়টিও আলোচিত হয়।<br><br>তবে একাধিক উদ্ভাবনী ধারণা (অন্ততপক্ষে ৪টি বা ৫টি) প্রয়োজন। এজন্য উপপরিচালক পর্যায় পর্যন্ত সকল কর্মকর্তাকে তাদের উদ্ভাবনী ধারণা ৩১/০৮/২০২৩ খ্রি. তারিখের মধ্যে অতিরিক্ত মহাপরিচালক (রেগুলেটরি) এর নিকট প্রেরণ করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | অতিরিক্ত মহাপরিচালক (রেগুলেটরি) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | আসবাবপত্র ক্রয় | টেলিযোগাযোগ অধিদপ্তরের ২০২৩-২৪ অর্থবছরের ক্রয়যোগ্য আসবাবপত্রের চাহিদা সংক্রান্ত আলোচনা | সভায় আলোচনা হয় যে টেলিযোগাযোগ অধিদপ্তরের চলমান ও আসন্ন প্রকল্পসমূহ এবং টিটিসি'র ছাত্রাবাস ভবনের তিনতলায় ভাড়ায় নেয়া ৯টি রুমের জন্য আসবাবপত্র ক্রয়ের বিষয়টি প্রক্রিয়া করা প্রয়োজন। ২০২৩-২৪ অর্থবছরে টেলিযোগাযোগ অধিদপ্তরের অনুকূলে আসবাবপত্র বাবদ ২০.০০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। দাপ্তরিক প্রয়োজন, পদায়িত কর্মকর্তাদের অফিসরুম/স্পেস প্রদানের জন্য প্রয়োজনীয় আসবাবপত্রের চাহিদা প্রদানের জন্য সকলকে অনুরোধ করা হয়। | অধিদপ্তরের সকল কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫ | জুলাই/২০২৩ মাসের অধিদপ্তরের প্রদত্ত বিবিধ সেবা বিষয়ক প্রতিবেদন উপস্থাপন ও পর্যালোচনা | ক) পিআরএলগামী কর্মকর্তা-কর্মচারীগণের অধিদপ্তরে যোগদান ও পদস্থাপন এবং পিআরএল মঞ্জুরি<br>খ) আঠারো মাসের এককালীন থোক মঞ্জুরি<br>গ) জিপিএফ মঞ্জুরি<br>ঘ) পেনশন ও আনুতোষিক মঞ্জুরি<br>ঙ) কল্যাণ বিষয়ক আবেদন মঞ্জুরি<br>চ) পাসপোর্ট ও ছুটি বিষয়ক আবেদন মঞ্জুরী<br>ছ) কর্মকর্তা-কর্মচারীগণের উচ্চতর গ্রেড/ সিলেকশন গ্রেড মঞ্জুরী বিষয়ক আবেদন। | ক) যোগদান ও পদস্থাপনের ২০টি, এবং পিআরএল মঞ্জুরির ২৩টি আবেদনের সবগুলিই নিষ্পত্তিকৃত।<br>খ) প্রাপ্ত মোট ৬০টি আবেদনের মধ্যে মাসান্তে ৬টি প্রক্রিয়াধীন আছে।<br>গ) মোট ১২১ টি জিপিএফ আবেদনের মধ্যে ১৩টি আবেদন সিস্টেমের ব্যালেন্স শীট, জিপিএফ স্লিপের সাথে নামের গড়মিল থাকায় প্রক্রিয়াধীণ আছে।<br>ঘ) প্রাপ্ত মোট ৫১টি আবেদনের মধ্যে সিএএফও অফিসে প্রেরণ করা হয়েছে ২৩টি। প্রক্রিয়াধীন আছে ২৮টি আবেদন।<br>ঙ) কল্যাণ শাখার সকল আবেদন যথাসময়ে নিষ্পত্তি করা হয়েছে।<br>চ) পাসপোর্টের অনাপত্তির সকল আবেদন নিষ্পত্তিকৃত। অর্জিত ছুটি (বহি: বাংলাদেশ) এর ৯টি আবেদনের মধ্যে ২টি আবেদন সকল কাগজপত্র না থাকায় পেন্ডিং রয়েছে। ছুটি বিষয়ক সকল আবেদন যথাসময়ে নিষ্পত্তি করা হয়েছে। | সেবা মনিটরিং কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬ | পেনশন বিবরণী ও আলোচনা | টেলিযোগাযোগ অধিদপ্তর থেকে সিএএফও অফিসে প্রেরিত পেনশনসমূহের মধ্যে যেসব কেস তিন মাসের অধিক সময়ে অনিষ্পন্ন রয়েছে সেগুলো নিয়ে আলোচনা | সভায় পেনশন কেস দ্রুত নিষ্পত্তির জন্য মহাপরিচালক মহোদয় তাগিদ প্রদান করেন। পেনশন প্রদানের জন্য আবেদনপত্র এবং অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র পরীক্ষাপূর্বক সহকারী পরিচালক (বাজেট/অর্থ) গ্রহণ করবেন, এবং তিনি তার দপ্তর থেকে প্রাপ্তির রশিদ প্রদান করবেন। এই ব্যবস্থা ১ সেপ্টেম্বর ২০২৩ খ্রি. তারিখ থেকে চালু করতে হবে। | পরিচালক (অর্থ) |
| ৭ | বিবিধ | কর্মস্থলে নিয়মিত উপস্থিতি | মহাপরিচালক মহোদয় লক্ষ্য করেন যে, সমন্বয় সভায় সিটিডিআর ফেইজ-২ এর উপ প্রকল্প পরিচালক জনাব মোঃ আজাদ মিয়া অনুপস্থিত রয়েছেন। এ বিষয়ে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক জানান যে, কর্মকর্তা তার থেকে কোনো ছুটি নেননি কিংবা তাকে অবহিত করেননি। বিষয়টি অনভিপ্রেত এবং শৃংখলার পরিপন্থি।<br><br>এ বিষয়ে কর্মকর্তার উপস্থিতির একটি বিবরণী প্রকল্প পরিচালক (সিটিডিআর ফেইজ-২) মহাপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর বরাবরে প্রেরণ করবেন এবং সরকারি বিধি মোতাবেক এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়া মহাপরিচালক মহোদয় সকলকে নিয়মিত কর্মস্থলে উপস্থিতির জন্য নির্দেশনা দেন। | প্রকল্প পরিচালক, সিটিডিআর ফেইজ-২ প্রকল্প |

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ রফিকুল ইসলাম
মহাপরিচালক

স্মারক নম্বর: ১৪.৩০.০০০০.২১২.০৬.০০১.২০.১৭০

তারিখ: ৮ ভাদ্র ১৪৩০
২৩ আগস্ট ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

২) অতিরিক্ত মহাপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর

৩) পরিচালক (সকল), টেলিযোগাযোগ অধিদপ্তর

৪) উপপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর

৫) অন্যান্য কপি



মোঃ মফিজ উদ্দিন
পরিচালক